

যথাযোগ্য মর্যাদায় প্রথমবারের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শ্রী শ্রী দুর্গাপূজা ও বিজয়াদশমীর মাধ্যমে দুর্গাপূজার সমাপ্তি অনুষ্ঠিত



ব্যাপক উৎসাহ ও উদ্দীপনা আর নানা আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো শ্রী শ্রী দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। অশুভ শক্তির পরাজয় এবং শান্তির বার্তার মধ্য দিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদযাপন কমিটির উদ্যোগে সামাজিকবিজ্ঞান ভবন সংলগ্ন চত্বরে শ্রী শ্রী দুর্গাপূজার আয়োজন করা। ৮ অক্টোবর-২০১৯, সোমবার বিজয়াদশমী উপলক্ষে পূজা সমাপন ও দর্পণ বিসর্জন অনুষ্ঠিত হয়। বিকেলে শোভাযাত্রা সহকারে প্রতিমা বিসর্জন দেওয়া হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, ট্রেজারার অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া, কেন্দ্রীয় পূজা উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, বিভিন্ন অনুষদের ডিন, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. নূর মোহাম্মাদ, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, ভারপ্রাপ্ত প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্মকর্তা সমিতি, সাংবাদিক নেতৃবৃন্দ, কর্মচারী সমিতি ও সহায়ক কর্মচারী কল্যাণ সমিতি পূজা মন্ডপ পরিদর্শন করেন।